# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি পাপ কাজ প্রতিহত করার ক্ষমতা থাকা সত্তেও তা প্রতিহত করে না, তার উপর আল্লাহর শাস্তির সম্ভাবনা

ذِكْرُ تَوَقُّعِ الْعِقَابِ مِنَ اللَّهِ جَلَّ وَعَلَا لِمَنْ قَدَرَ عَلَى تَغْيِيرِ الْمَعَاصِي وَلَمْ يُغَيِّرْهَا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ بِبُسْتَ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ جَرِيرٍ عَنْ أَبِيهِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَا مِنْ رَجُلٍ يَكُونُ فِي قَوْمٍ يعمل فيهم بالمعاصي يقدورن عَلَى أَنْ يُغَيِّرُوا عَلَيْهِ وَلَا يُغيروا إِلَّا أصابهم الله بعقاب قبل أن يموتوا.

الراوي : جَرِير | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 302 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৩০২. জারীর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: “কোন ব্যক্তি যদি কোন সম্প্রদায়ের মাঝে এবং পাপে লিপ্ত থাকে, এবং তাদের তা প্রতিহত করার ক্ষমতা থাকা সত্তেও প্রতিহত না করে, তবে মৃত্যুর পূর্বেই মহান আল্লাহ তাদেরকে শাস্তিতে নিপতিত করবেন।”[1]

ফুটনোট

[1] তাবারানী: ২৩৮২; আবু দাউদ: ৪৩৩৯; মুসনাদ আহমাদ: ৪/৩৬৪; ইবনু মাজাহ: ৪০০৯; সুনান বাইহাকী: ১০/৯১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আস সহীহাহ: ৩৩৫৩।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জারীর ইবনু আবদুল্লাহ আল বাজলী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88601

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন